দৈনিক ইত্তেফাক

তারিখ 03 APR 1994
পৃষ্ঠা ৭ কলাম ৬

33

# চট্টগ্রাম ভর্সিটিতে ধর্মঘট বিক্ষোভ

চট্টগ্রাম অফিস ॥ বিবিএ'র ভর্তি পরীক্ষার প্রশ্নপত্র ফাঁস এবং সিণ্ডিকেট কর্তৃক উক্ত পরীক্ষা বহাল রাখার সিদ্ধান্তের প্রতিবাদে গতকাল শনিবার চট্টগ্রাম বিশ্ব-

(১১শ পৃঃ ২-এর কঃ দ্রঃ)

## চট্টগ্রাম ভার্সিটিতে

( প্রথম পৃঃ পর )

বিদ্যালয়ে ছাত্র ধর্মঘট পালিত হয়। সর্বদলীয় ছাত্রঐক্য এই ধর্মঘট আহ্বান করিয়াছিল। একই দাবীতে ছাত্রঐক্য আজ রবিবার ভিসি কার্যালয় ঘেরাও এবং চাকসু ভবনের সম্মুখে সমাবেশের কর্মসূচী ঘোষণা করিয়াছে। গতকাল ধর্মঘট চলাকালে একাডেমিক কার্যক্রম ও কোন ক্লাস হয় নাই। ধর্মঘট চলাকালে কলা ভবনের সম্মুখে ছাত্রলীগ সভাপতি সেলিম রেজা সৌরভের সভাপতিত্বে এক সমাবেশ অনুষ্ঠিত হয়।

অপরদিকে জাতীয়তাবাদী ছাত্রদল চট্টগ্রাম বিশ্ববিদ্যালয় শাখার নেতৃবৃন্দ গতকাল অনুষ্ঠিত এক সমাবেশে অবিলম্বে বিবিএ ভর্তি পরীক্ষা বাতিলের জন্য পুনরায় কর্তৃপক্ষের নিকট দাবী জানান। শাখা ছাত্রদলের আহ্বায়ক মঈনুল আহসান মুন্না সমাবেশে সভাপতিত্ব করেন। এদিকে সংগ্রামী ছাত্রঐক্য ও চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়ে গতকাল পৃথক দাবীতে ধর্মঘট পালন করে। সংগঠনের এক প্রেস বিজ্ঞপ্তিতে বলা হয়, গত ২৯শে মার্চ বিশ্ববিদ্যালয়ে ভিসি পত্নী ও ড্রাইভারের উপর হামলাকারী প্রকৃত সন্ত্রাসীদের বিরুদ্ধে শাস্তিমূলক ব্যবস্থা গ্রহণের দাবীতে এই ধর্মঘট পালন করা হয়। ইসলামী ছাত্র শিবিরও ২৯শে মার্চ সন্ত্রাসকারী ও ৩ জন ছাত্রের বিরুদ্ধে দেওয়া 'শো-কজ' নোটিস প্রত্যাহারের দাবীতে গতকাল সকালে কলাভবন চত্বরে সমাবেশ ও মিছিল বাহির করে।